# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 26 June, 2025

আগামী মাসে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসছে পাকিস্তান ক্রিকেট দল।বুধবার (২৬ জুন) এই সিরিজের সূচি প্রকাশ করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

সবকিছু ঠিক থাকলে ১৬ জুলাই ঢাকায় পৌঁছাবে পাকিস্তান দল।সিরিজের তিনটি ম্যাচই হবে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে।

সূচি (সব ম্যাচ সন্ধ্যা ৬টায় শুরু):

১ম টি-টোয়েন্টি - ২০ জুলাই

২য় টি-টোয়েন্টি - ২২ জুলাই

৩য় টি-টোয়েন্টি - ২৪ জুলাই

২৫ জুলাই বাংলাদেশ ছাড়বে পাকিস্তান দল।

সিরিজটি আয়োজনের সিদ্ধান্ত হয় চলতি আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি চলাকালীন বিসিবি ও পিসিবির শীর্ষ পর্যায়ের বৈঠকে।

বাংলাদেশ সফর শেষে ক্যারিবীয় দ্বীপপুঞ্জে উড়াল দেবে পাকিস্তান, যেখানে তারা তিনটি ওয়ানডে ও তিনটি টি-টোয়েন্টি খেলবে।

টি-টোয়েন্টি সিরিজ ক্রিকেট বাংলাদেশ-পাকিস্তান বিসিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:10

URL: https://timestodaybd.com/sports/3726339106